# স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের স্ত্রী দিলারা হাফিজ আর নেই



স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের স্ত্রী দিলারা হাফিজ। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের বর্তমান স্পিকার হাফিজ উদ্দিন আহমেদের সহধর্মিণী দিলারা হাফিজ আর নেই। সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, স্থানীয় সময় দুপুর দেড়টার দিকে তার মৃত্যু হয়। পরবর্তীতে মরদেহ দেশে আনার প্রস্তুতি চলছে। আগামীকাল সন্ধ্যায় লাশ বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে।

পারিবারিক সূত্রে জানা গেছে, তিনি স্বামী, এক ছেলে, এক মেয়ে, নাতি-নাতনি এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। ৩০ মার্চ সকাল ১১টায় জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় প্রথম জানাজা অনুষ্ঠিত হবে। এরপর বাদ জোহর সেনানিবাসের কেন্দ্রীয় মসজিদে দ্বিতীয় জানাজা শেষে বনানী সামরিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হবে।

LENS ASIA